The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বিশ্বের সবচেয়ে ছোট গাড়ি

- A Monitor Desk Report | Date: 16 May, 2022




বিশ্বের সবচেয়ে ছোট গাড়ি `পিল পি৫০' মডেল। আকারে ছোট হওয়ার কারণে এই গাড়িতে দুর্দান্ত মাইলেজ পাওয়া যায়। গাড়িটিতে রয়েছে ৪৯ সিসির সিঙ্গেল চেম্বার, ২ স্ট্রোক ইঞ্জিন। এতে বাইকের ইঞ্জিন ব্যবহৃত হয়েছে। এই ইঞ্জিনে সর্বোচ্চ ৪.২ বিএইচপি শক্তি এবং ৫ নিউটন মিটার টর্ক পাওয়া যাবে। গাড়িটিতে রয়েছে ৩ স্পিড ম্যানুয়াল গিয়ারবক্স। এর সর্বোচ্চ গতি ঘণ্টায় ৫৬.৩২ কিলোমিটার।

পি ৫০ মডেলের এই ছোট গাড়ির দৈর্ঘ্য মাত্র ১৩৪ সেন্টিমিটার। চওড়া ৯৮ সেন্টিমিটার। উঁচু ১০০ সেন্টিমিটার। ওজন ৫৯ কেজি।

ছোট আকারের কারণে, ২০১০ সালে বিশ্বের সবচেয়ে ছোট গাড়ি হিসাবে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে এর নাম নথিভুক্ত করা হয়েছিল।

গাড়িটির মালিক অ্যালেক্স অর্চিন। গাড়িটিতে চড়ে এক বছরে পুরো ইংল্যান্ড ভ্রমণ করেছেন তিনি। অর্চিন জানিয়েছেন মাত্র এক লিটার পেট্রলে ৪২ কিলোমিটার মাইলেজ পেয়েছেন তিনি।
গাড়ির পুরো বডি ফাইবারগ্লাস দিয়ে তৈরি। থাকছে সাসপেনশন, দুইটি প্যাডাল, একটি কন্ট্রোলিং হুইল, একটি শিফটার ও একটি স্পিডোমিটার। খুব ছোট হওয়ার কারণে এই গাড়ির ওজনও খুব কম।
অ্যালেক্স জানিয়েছেন তিনি যেখানেই যান তার ছোট্ট গাড়িটি দেখে মানুষের মধ্যে কৌতূহল তৈরি হয়।

-B